# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩৫. দাবা খেলার নিষেধাজ্ঞা বিষয়ক

হাদীস শরীফে শরীরচর্চা মূলক খেলাধুলার উৎসাহ দেয়া হয়েছে। ‘নারদ’ অর্থাৎ সাতগুটি, লুডু, তাস ইত্যাদি ভাগ্যনির্ভর খেলাধুলা নিষিদ্ধ করা হয়েছে। বুদ্ধি নির্ভর কিন্তু শরীরচর্চা বিহীন দাবা খেলার বৈধতার বিষয়ে সাহাবীগণের যুগ থেকেই আলিমগণ মতভেদ করেছেন। অনেক সাহাবী এ খেলা কঠিনভাবে নিষেধ করেছেন। আল্লামা মাউসিলী বলেন, এ অর্থে রাসূলুল্লাহ ﷺ থেকে কোনো হাদীস সহীহ সনদে বর্ণিত হয় নি। এ বিষয়ে রাসূলুল্লাহ ﷺ থেকে বর্ণিত হাদীসগুলো দুর্বল বা বানোয়াট পর্যায়ের।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4733

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন